

নতুন ধারার দৈনিক

আমাদেরসময়

নম্বর ও বিষয় কমছে জেএসসি জেডিসিতে

প্রকাশ | ০৯ মে ২০১৮, ০০:০০



নিজস্ব প্রতিবেদক

শিক্ষার্থীদের ওপর থেকে চাপ কমাতে এ বছর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায় বিষয় ও নম্বর কমিয়ে আনা হচ্ছে। এবার ৭টি বিষয়ে ৬৫০ নম্বরের পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। কৃষি ও গার্হস্থ্য বিজ্ঞান বিষয়ের পরীক্ষা হবে না। গতকাল আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় সভাপতিত্ব করেন আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক। তিনি

বলেন, আমরা এবার পরীক্ষার বিষয় ও নম্বর কমিয়ে আনার সিদ্ধান্ত নিয়েছি। সাতটি বিষয়ে পরীক্ষা হবে। বাংলা ও ইংরেজিতে ১৫০ নম্বরের পরীক্ষা নেওয়া হতো। এবার থেকে ১০০ নম্বরের পরীক্ষা নেওয়ার জন্য প্রস্তাব করেছে। বাংলা প্রথম ও দ্বিতীয়পত্র এবং ইংরেজি প্রথম ও দ্বিতীয়পত্রের জন্য (উভয় পত্র মিলে) ১০০ করে ২০০ নম্বরের পরীক্ষা হবে। গণিত, বিজ্ঞান, ধর্ম, বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের জন্য ১০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। তথ্যপ্রযুক্তির পরীক্ষা হবে ৫০ নম্বরের। মোট ৬৫০ নম্বরের পরীক্ষা হবে। মন্ত্রণালয় এ প্রস্তাব অনুমোদন দিলে এ বছর তা বাস্তবায়ন করা হবে।

২০১৭ সালের জেএসসি-জেডিসি পরীক্ষায় পরীক্ষার্থীদের ৮টি বিষয়ে ৮৫০ নম্বরের পরীক্ষায় অংশ নিতে হয়েছে। বাংলা প্রথমপত্র ১০০, দ্বিতীয়পত্র ৫০, ইংরেজি প্রথমপত্র ১০০, দ্বিতীয়পত্র ৫০, গণিত, ধর্ম, বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, গার্হস্থ্য অর্থনীতি/কৃষি বিষয়ে ১০০ করে এবং তথ্যপ্রযুক্তিতে ৫০ নম্বরসহ মোট ৮৫০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হয়।

২০১৭ সালের জেএসসি ও জেডিসি পরীক্ষায় চারু ও কারুকলা, শারীরিক শিক্ষা ও কর্মমুখী শিক্ষা বাদ দেওয়া হয়েছিল। এবার বাদ দেওয়া হচ্ছে কৃষি ও গার্হস্থ্য বিজ্ঞান। আর বাংলা ও ইংরেজির দুই পত্র মিলে ৫০ নম্বর করে কমিয়ে পরীক্ষা নেওয়া হবে। যেসব বিষয়ের লিখিত পরীক্ষা হবে না, সেসব বিষয়ের ধারাবাহিক মূল্যায়ন করবে শিক্ষা প্রতিষ্ঠান।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭৮২১৩-১৮ ফ্যাক্স: ৮৮৭৮২২১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি